

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

### CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ১০/২০১২

তারিখ : ১৫/০২/২০১২খ্রিঃ।

০৩ ফাল্গুন, ১৪১৮বঙ্গাব্দ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউজ, চট্টগ্রাম এর স্মারক নং-২০৬/বিবিধ/সেকশন-৫/০৭-০৮/১৬৭০(১৭)কাস, তারিখ ১৩/০২/১২ সকল সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

এম রহমান

উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউজ, চট্টগ্রাম।

নথি নং-২০৬/বিবিধ/সেকশন-৫/০৭-০৮/১৬৭০(১৭)কাস,

তারিখ ১৩/০২/১২

বিষয় : আমদানিকৃত পণ্য শুদ্ধায়নকালে এটিভি সংক্রান্ত রেয়াতী সুবিধা গ্রহণের জন্য “মুসক ফরম-৭” দাখিল।

সূত্র :- ১। এসআরও নং-১৫৪-আইন/২০১১/২৩৪০/কাস্টমস্ তারিখ-০৯/০৬/১১।

২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৭(২)মুসক(নিরীক্ষা ও অভিযোগ)/৯৭(অংশ-১)/১৭৪(১-২৩) তারিখ-  
০৩/০৮/১১।

৩। এই দপ্তরের পত্র নং-২০৬/বিবিধ/সেকশন-৫/০৭-০৮/১৩৭৫(১-১৬)-কাস তারিখঃ ২০/১২/১১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। এস আরও নং-২০৭-আইন/২০১০/৫৫৬-মুসক তাং-১০/০৬/১০ অনুযায়ী মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে অগ্রিম আয়করের রেয়াতীহারে সুবিধা নেয়ার জন্য “মুসক ফরম-৭” এ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও যন্ত্রাংশের পূর্ণাঙ্গ নাম উল্লেখ থাকতে হবে, যা সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে বাধ্যতামূলক করার জন্য নির্দেশ দেয়া হয়েছিল। এই দপ্তরের সিদ্ধান্ত অনুযায়ী ১ মার্চ, ২০১২ হতে আদেশটি কার্যকর করা হবে।

০৩। বর্ণিত পরিস্থিতিতে, ১ মার্চ, ২০১২ থেকে “মুসক ফরম-৭” এ সংযুক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের তালিকায় সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও যন্ত্রাংশের নাম সুস্পষ্ট উল্লেখ না থাকলে রেয়াতী সুবিধা দেয়া এই দপ্তরের পক্ষে সম্ভব হবে না।

০৪। রাজস্ব সংরক্ষণের স্বার্থে বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

স্বাঃ/-

(মোছাঃ রোজিনা পারভীন)

এসিসটেন্ট কমিশনার অব কাস্টমস্

কমিশনার অব কাস্টমস্‌র পক্ষে

কাস্টম হাউস, চট্টগ্রাম।

ফোনঃ ০৩১-২৫১৮০০৯।